

বাংলাদেশ দূতাবাস
আঙ্কারা, তুরস্ক

তুরস্কে যথাযথ মর্যাদায় মহান স্বাধীনতার ৫২তম বার্ষিকী ও
জাতীয় দিবস উদযাপন

আঙ্কারা ২৬ মার্চ ২০২৩: উৎসবমূখর আবহের মধ্য দিয়ে বাংলাদেশ দূতাবাস, আঙ্কারায় বাংলাদেশের মহান স্বাধীনতার ৫২তম বার্ষিকী ও জাতীয় দিবস উদযাপন করা হয়। ২৬ মার্চ প্রথম প্রহরে রাষ্ট্রদূত এম আমানুল হক-এর নেতৃত্বে দূতাবাস প্রাঙ্গণে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। অতঃপর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর আবক্ষ ভাস্কর্যে পুষ্পস্তবক অর্পণ করার মধ্য দিয়ে দিবসটির কার্যক্রমের সূচনা হয়।

দ্বিতীয়পর্বে দূতাবাস-এর মিলনায়তনে একটি আলোচনা সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানের শুরুতেই পবিত্র কোরআন থেকে তিলাওয়াত এবং মহান মুক্তিযুদ্ধে নিহত শহীদদের আত্মার মাগফিরাত কামনা করে দেশ ও জাতির মঙ্গল কামনায় বিশেষ মোনাজাত করা হয়। দিবসটি উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্রমন্ত্রী ও মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী কর্তৃক প্রদত্ত বাণী পাঠ করে উপস্থিত সকলকে শোনানো হয়। এরপর মুক্তিযুদ্ধের উপর নির্মিত একটি চলচিত্র প্রদর্শন করা হয় এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক প্রদত্ত শুভেচ্ছা বাণী প্রদর্শন করা হয়।

রাষ্ট্রদূত তাঁর বক্তব্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মুক্তিযুদ্ধে শহীদ ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং বঙ্গমাতা শেখ ফজিলাতু নেছা মুজিবের অন্যান্য অবদানের কথা স্মরণ করেন। এছাড়াও বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দুরদূর্শী নেতৃত্বে বাংলাদেশের আর্থ-সামাজিক ক্ষেত্রে সাম্প্রতিক উন্নয়নের চিত্র এবং বৈশ্বিক অর্থনীতিতে বাংলাদেশের বর্তমান অগ্রসরতার বিভিন্ন দিক তুলে ধরেন। অতঃপর তিনি বাংলাদেশের ইতিহাস, ভাষা আন্দোলন, সংস্কৃতিক ঐতিহ্য, বাণিজ্য-বিনিয়োগ এবং দেশের সার্বিক উন্নয়নের লক্ষ্যে নিজ নিজ অবস্থানে ভূমিকা রেখে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে সকলকে এগিয়ে আসার আহবান জানান।
